ISSN 2415-458X

JAHANGIRNAGAR UNIVERSITY JOURNAL

# theatre studies

NATAK O NATYATATTVA VIBHAGA
DEPARTMENT OF DRAMA & DRAMATICS
JAHANGIRNAGAR UNIVERSITY

জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি জার্নাল থিয়েটার স্টাডিজ সংখ্যা ৩১, জুন ২০২৪

ISSN 2415-458X

জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি জার্নাল

# থিয়েটার স্টাডিজ

সংখ্যা ৩১, জুন ২০২৪

নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

ISSN 2415-458X

জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি জার্নাল

# থিয়েটার স্টাডিজ

সংখ্যা-৩১, জুন ২০২৪, আষাঢ় ১৪৩১

**XXXI, June 2024**

**নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

**Jahangirnagar University Journal**
**Theatre Studies (Vol. XXXI, June 2024)**
Department of Drama & Dramatics
Jahangirnagar University

**সম্পাদনা পরিষদ**

**সম্পাদক** : ড. লুৎফর রহমান

**সদস্য** : ড. রশীদ হারুন
ড. মো. আমিনুল ইসলাম
ড. মুহাম্মদ সাজ্জাদ আহসান
ড. এ. কে. এম. ইউসুফ হাসান
ড. মো. সানোয়ার হোসেন
ড. ইস্রাফিল আহমেদ
ড. ফাহমিদা আক্তার

**Editorial Board**

**Editor** : Dr. Lutfor Rahman

**Member** : Dr. Rashid Haroon
Dr. Md. Aminul Islam
Dr. Muhammad Shajjad Ahsan
Dr. A. K. M. Yusuf Hassan
Dr. Md. Sanour Hossain
Dr. Esrafil Ahmed
Dr. Fahmida Akhter

প্রচ্ছদ : রেজাউল হায়দার

মুদ্রণ : ডিএস প্রিন্টিং এন্ড প্যাকেজিং

প্রকাশনা : নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা।

মূল্য : একশত টাকা
বিদেশ $ 5

# প্রসংগত

এ-বছর ২০২৪ খ্রিষ্টাব্দ– সেলিম আল দীন জীবিত জনের বয়স হতো ৭৫ বছর। অবিস্মরণীয় সেই শুভযোগে বিভাগীয় একাডেমিক কমিটির সভার সিদ্ধান্তক্রমে *থিয়েটার স্টাডিজ-৩১তম সংখ্যা সেলিম আল দীন ৭৫তম জয়ন্তী সংখ্যা*রূপে প্রকাশ হতে চলেছে। জাতীয় জীবনের বিবিধ বিপর্যয়ে বছরব্যাপী বিবিধ উৎসবানুষ্ঠান, আনন্দ আয়োজনের মধ্য দিয়ে উদযাপনের পরিকল্পনা বাস্তবায়ন সম্ভব হয়নি। এ-সংখ্যাটি একটি উৎকৃষ্ট ও শ্রেষ্ঠসংখ্যা হিসেবে প্রকাশের পরিকল্পনাও ষোলআনা বাস্তবায়ন সম্ভব হলো না। একটি মানসম্পন্ন গবেষণা জার্নালের একমাত্র উপাদান মানসম্পন্ন উৎকৃষ্ট গবেষণামূলক রচনা। বছর ব্যাপী লেখা সংগ্রহের উদ্যোগের অংশ হিসেবে বারবার বিজ্ঞপ্তি প্রচার ছিল প্রাতিষ্ঠানিক প্রক্রিয়া। সম্পাদকমণ্ডলীর সদস্য হিসেবে ব্যক্তিগতভাবে সেলিম আল দীনের অনেক গুণগ্রাহী, প্রিয়ভাজনকে লেখা দেবার বার বার অনুরোধ করেও শেষপর্যন্ত লেখা পাওয়া যায়নি। অতঃপর অন্তিম মুহূর্তে মোট আটটি প্রবন্ধ আমাদের হস্তগত হয়। গুণগত মান রক্ষিত না হওয়ায় দুটি প্রবন্ধকল্প রচনা বাদ দিতে হলো। অতঃপর ছয়টি প্রবন্ধ নিয়ে *সেলিম আল দীন ৭৫তম জয়ন্তী সংখ্যা*'র আত্মপ্রকাশ নিশ্চিত হলো।

*সেলিম আল দীন* (১৯৪৯-২০০৮ খ্রি) তাঁর আটান্ন বছরের প্রবহমান জীবনে শিল্পসৃষ্টিকেই একমাত্র ঐকান্তিক গূঢ় জীবন এষণা করেছিলেন। কবিতা, উপন্যাস, রেডিও নাটক, টেলিভিশন নাটক, একটি কাব্যগ্রন্থ, একটি উপন্যাস, একটি গবেষণাগ্রন্থ, একটি অনূদিতগ্রন্থ (নন্দিকেশ্বর, *অভিনয় দর্পণম'*), নিগ্রো সাহিত্যের *অনুবাদ*, নাটক ও থিয়েটার বিষয়ক অসংখ্য প্রবন্ধ, আত্মজীবনীমূলক রচনা *দিনলিপি (২০০৯)*, দার্শনিক বিতর্কমূলক রচনা *ভাঙাপ্রেম অশেষ বিশেষ (২০০৯)* ভাষণ, অভিভাষণ, সাহিত্য সংস্কৃতি বিষয়ক টেলিভিশন অনুষ্ঠান সঞ্চালনা এবং নিরীক্ষামূলক মৌলিক মঞ্চ নাটক রচয়িতা। *জন্ডিস ও বিবিধ বেলুন (১৯৭২), সর্পবিষয়ক গল্প (১৯৭২), তাহিতি ও নীল শয়তান, সংবাদ কার্টুন (১৯৭৩), আতর আলীদের নীলাভ পাট (১৯৭৫), বিষ্ণুকুমারের পুতুল নাচ (১৯৮৫), চরকাঁকড়া (১৯৭৭), মুনতাসির (১৯৭৪-৭৫), শকুন্তলা (১৯৭৭), কিত্তনখোলা (১৯৭৮-৮০), কেরামতমঙ্গল (১৯৮১-৮৪), বাসন (১৯৮২), হাত হদাই (১৯৮৭-৮৯), চাকা (১৯৯১), হরগজ (১৯৯২), যৈবতী কন্যার মন (১৯৯১), বনপাংশুল (২০০১), প্রাচ্য (১৯৯৮), নিমজ্জন (২০০৪), স্বর্ণবোয়াল*

*(২০০৭)*, *ধাবমান (২০০৪-২০০৫)*, *ঊষাউৎসব ও স্বপ্নরমণীগণ (২০০৬)*, *পুত্র (২০০৭)* ইত্যাদি রচনা করেন। এছাড়া ১৯৮১ খ্রিস্টাব্দে বাংলা বিভাগের একাডেমিক থিয়েটারের কার্যক্রম হিসেবে মৈমনসিংহ গীতিকার অন্যতম খ্যাতনামা 'পালা' *মহুয়ার* প্রথম পরীক্ষামূলক প্রযোজনা *মহুয়া-পাঠাভিনয়* নির্মাণ করেন। স্বোদ্ভাবিত নাট্যনির্দেশনায় *মহুয়া*-৩টি ভার্সন, *দেওয়ানা মদিনা*, *কৃষ্ণকুমারী*, *চিরকুমার সভা*, *পঞ্চভুত*, *মেঘনাদবধকাব্য*, *কাঁদো নদী কাঁদো*, *ম্যাগবেথ*, *একটি মারমা রূপকথা* ইত্যাদি সৃজনশীল (১৯৮৬-২০০৭) থিয়েটারভাবনার মঞ্চরূপ নির্মাণ করেন।

সৃষ্টির সংখ্যাধিক্যের বিচারে সেলিম আল দীনের মূল্যায়ন প্রয়াস নিতান্তই অর্থহীন। তাঁকে সৃষ্টির গুণগতমান, আঙ্গিকগত পরীক্ষা-নিরীক্ষা ও অভিনবত্বের নিরিখে, নাট্যভাষা এবং বাংলা নাট্যতত্ত্বের পরিপ্রেক্ষিতে বাংলা নাট্য সাহিত্যের ইতিহাসের ধারায় বিচার করাটাই ঔচিত্যবোধের পরিচায়ক। নৈয়ায়িক দৃষ্টিকোণ থেকে সেটাই বোধহয় কার্যকর ও সঙ্গত। থিয়েটার স্টাডিজ ৩১তম সেলিম আল দীন জয়ন্তী সংখ্যার নির্বাচিত প্রবন্ধের রচয়িতা গবেষকগণের রচনায় সে প্রয়াস লক্ষণীয়।

নির্বাচিত ছয়টি প্রবন্ধের রচয়িতাগণ স্বতন্ত্র পরিপ্রেক্ষিত থেকে সেলিম আল দীনের সৃষ্টির এক একটি দিকের মূল্যায়ন করেছেন।

লুৎফর রহমান, রচিত প্রবন্ধের শিরোনাম *আপনার আপন খবর নাই*। প্রবন্ধে ঔপনিবেশিক সাংস্কৃতিক আগ্রাসন, সেই আগ্রাসনের কাছে বাঙালির নির্বিবাদ আত্মসমর্পণ প্রসঙ্গ এবং বাঙালির সাংস্কৃতিক নন্দনতত্ত্বে তার প্রভাব, উপনিবেশমুক্ত স্বাধীন বাংলাদেশেও উপনিবেশিতের মনে তার স্থায়িত্ব ও ফলশ্রুতি ইত্যাদি বিষয় দৃষ্টান্তসহ আলোচিত হয়েছে।

গবেষক আমিনুল ইসলাম হালের অন্যতম সাহিত্যালোচনা পদ্ধতি *বউপনিবেশিক* দৃষ্টিকোণ থেকে স্বাধীন ভারতবর্ষের অন্যতম অংশ স্বাধীন বাংলাদেশের নাট্যকার সেলিম আল দীনের সৃষ্টির মূল্যায়ন করেন। ঔপনিবেশিক সাংস্কৃতিক আগ্রাসনে বাংলা সাহিত্যের বিভিন্ন শাখায় যে-উপনিবেশায়ন ঘটে তার থাবায় বাংলা নাটকও আত্মসত্তা বিসর্জন দিতে বাধ্য হয়। সেলিম আল দীন উপনিবেশমুক্ত বাংলাদেশে ঐতিহ্যের পুনঃপ্রতিষ্ঠার মাধ্যমে সার্থকতার সঙ্গে বাঙালির নাট্যতত্ত্ব, অভিনয়তত্ত্বের আধুনিক রূপ সৃষ্টি করতে সক্ষম হন। দীর্ঘ আলোচনার মাধ্যমে উপনিবেশিক, বিউপনিবেশিকতত্ত্বের নানা উপাদানের ভিত্তিতে তিনি প্রমাণ করেছেন সেলিম আল দীন শিল্পীর চৈতন্য যথার্থই বিউপনিবেশিক এবং তাঁর শিল্পতত্ত্ব ও সৃষ্টিকর্ম সেই

চেতনারই প্রকৃত বহিঃপ্রকাশ। তাঁর প্রবন্ধের শিরোনাম *সেলিম আল দীনের বিউপনিবেশবাদী মনন ও নাট্যচিন্তা*।

প্রসঙ্গত উল্লেখ্য, সেলিম আল দীন নাটক রচনাকালে সৃজনশীল কাজের সম্পর্কী গবেষণা দ্বারা *বর্ণনাত্মক বাংলা নাট্য রীতি*, *বর্ণনাত্মক বাংলা নাট্যাভিনয় রীতি*, *কথানাট্য*, *দ্বৈতাদ্বৈতবাদ*, *ফিউশনতত্ত্ব*, *সম্মুখবাস্তববাদ* ইত্যাদি শিল্পতত্ত্ব সৃষ্টি করেন এবং এসবের প্রয়োগগত সফলতাও নিশ্চিত করেন।

সেলিম আল দীনের নাটককে তাঁর প্রতিষ্ঠিত *দ্বৈতাদ্বৈতবাদের* আলোকে জ্ঞানগর্ভ বিচার ও মূল্যায়ন করেছেন গবেষক ছানোয়ার হোসেন। তাঁর প্রবন্ধের শিরোনাম *সেলিম আল দীনের নাটক ও দ্বৈতাদ্বৈতবাদী শিল্পতত্ত্ব: একটি পর্যালোচনা।*

*সেলিম আল দীনের কথানাট্য চাকা: বিষয়, আঙ্গিক মঞ্চপ্রয়োগের একটি নিবিড় পাঠ* গবেষক ফাহমিদা আক্তার রচিত প্রবন্ধের শিরোনাম। নাট্যকারের দার্শনিক, রাজনৈতিক অভিপ্রায় জারিত বিশ্ব নন্দিত সৃষ্টি *চাকা*। গবেষক ফাহমিদা আক্তার *চাকা* নাটকের তিনটি শিল্পগত দিক তাঁর প্রবন্ধে পারঙ্গমতার সাথে উপস্থাপন করেন।

গবেষক হাবিব জাকারিয়ার প্রবন্ধের শিরোনাম *আত্মসত্তা, উপনিবেশ-উত্তর উপনিবেশ ও সেলিম আল দীন*। শিরোনামে সেলিম আল দীন ব্যক্তিসত্তা ও শিল্পীসত্তা আবিষ্কারের প্রয়াস যেমন লক্ষণীয়, তেমনি উপনিবেশ-উত্তর উপনিবেশে সেলিম আল দীন শিল্পীর দায় কতটা দক্ষতায় ও কার্যকরভাবে পালন করতে সক্ষম হয়েছেন সে প্রসঙ্গও সমগুরুত্বপূর্ণ। গবেষক বিভিন্ন দৃষ্টান্ত, যুক্তি ও সমকালের শিল্পবিচারের সমাজতাত্ত্বিক নিরিখ প্রয়োগ করে আলোচনা সম্পন্ন করেন।

মানব সভ্যতায় গণহত্যার বিশ্বকোষ সেলিম আল দীন রচিত *নিমজ্জন*। এ নাটকটি তাঁর ভাষায় সম্মুখ *বাস্তবতাবাদ* আশ্রয়ে রচিত। সেলিম আল দীন শিল্পীসত্তার সর্বশেষ শিল্পদর্শনটি এই নাটকে বিধৃত। তিনি *সম্মুখবাস্তবতা (forerealism)* শীর্ষক এই দার্শনিক প্রত্যয়টির কতিপয় বৈশিষ্ট্য চিহ্নিত করেছিলেনমাত্র। তাঁর অকাল প্রয়াণের জন্য পূর্ণাঙ্গ শিল্পতত্ত্বটি আমাদের কাছে আসেনি। রুবাইয়াৎ আহমেদ তাঁর *সম্মুখবাস্তববাদ : অভিজ্ঞান ও গঠনশৈলী* প্রবন্ধে আচার্য সেলিম আল দীন প্রদত্ত বৈশিষ্ট্যগুলোকে অবলম্বন করে একটি তাত্ত্বিক কাঠামো দানের প্রয়াস পেয়েছেন। হয়তো তাঁর বক্তব্যই শেষ কথা নয়, সেলিম আল দীন বিশেষজ্ঞ, গবেষক, শিল্পকলা বিষয়ক নান প্রতিষ্ঠান কাঠামোটি পর্যবেক্ষণ ও মূল্যায়ন করে ভবিষ্যতে নিশ্চয়ই একটি চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন। হয়তো গবেষকেরও প্রত্যাশা তা-ই।

আমাদের বিবেচনায় স্বল্প পরিসরে গুটিকয়েক রচনার সম্মিলনে *সেলিম আল দীন ৭৫তম জয়ন্তী সংখ্যা* নির্মিত হলেও এই সংখ্যায় নাট্যাচার্যের শিল্পীসত্তার নানান দিক ও তাঁর সৃষ্টির অন্দরস্থ নানান প্রবণতা গবেষকগণ  স্ব স্ব যুক্তিবোধ ও দৃষ্টিকোণ থেকে উদঘাটন করেছেন। সংখ্যাটি মননশীল পাঠক দ্বারা সাদরে গৃহীত হলে সংশ্লিষ্ট সকলের প্রয়াস হবে সার্থক। থিয়েটার স্টাডিজ ৩১-তম সংখ্যার যাবতীয় ত্রুটির দায় এককভাবে সম্পাদকের। গবেষক লেখকগণের কাছে এবং সম্পাদনা পর্ষদ কর্তৃক বাঁধাবন্ধনহীন স্বাধীনতা প্রদানের জন্য এ-সংখ্যার সম্পাদক অবনতশিরে কৃতজ্ঞতা প্রকাশ করছে।

ধন্যবাদান্তে –ইতি

লুৎফর রহমান
সম্পাদক
থিয়েটার স্টাডিজ, জুন ২০২৪
ও
অধ্যাপক
নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ,
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা–১৩৪২

**Jahangirnagar University Journal**
**Theatre Studies (Vol. XXXI : June 2024)**
Department of Drama & Dramatics
Jahangirnagar University

## CONTRIBUTORS

1. **Dr. Lutfor Rahman**
   Professor, Department of Drama and Dramatics
   Jahangirnagar University

2. **Dr. Md. Aminul Islam**
   Professor, Department of Drama and Dramatics
   Jahangirnagar University

3. **Dr. Md. Sanour Hossain**
   Professor, Department of Drama and Dramatics
   Jahangirnagar University

4. **Dr. Fahmida Akhter**
   Professor, Department of Drama and Dramatics
   Jahangirnagar University

5. **Dr. Md. Habib Zakaria**
   Professor, Department of Drama
   Rajshi University

6. **Dr. Chowdhury Rubayet Ahmed**
   Associate Professor, Department of Drama and Dramatics
   Jahangirnagar University

জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি জার্নাল
*থিয়েটার স্টাডিজ*
সংখ্যা-৩১, জুন ২০২৪, আষাঢ় ১৪৩১
নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# সূচিপত্র

**আপনার আপন খবর নাই**[১] ১১
*লুৎফর রহমান*

**সেলিম আল দীনের বিউপনিবেশবাদী মনন ও নাট্যচিন্তা** ৩৩
*ড. মো. আমিনুল ইসলাম*

**সেলিম আল দীনের নাটক ও দ্বৈতাদ্বৈতবাদী শিল্পতত্ত্ব : একটি পর্যালোচনা** ৬১
*ড. মো. ছানোয়ার হোসেন*

**সেলিম আল দীনের কথানাট্য *চাকা*: বিষয়, আঙ্গিক ও মঞ্চপ্রয়োগের একটি নিবিড় পাঠ** ৭৫
*ফাহমিদা আক্তার*

**আত্মসত্তা, উপনিবেশ-উত্তর উপনিবেশ ও সেলিম আল দীন** ১০৭
*ড. মো. হাবিব জাকারিয়া*

**সম্মুখবাস্তববাদ : অভিজ্ঞান ও গঠনশৈলী** ১৩১
*রুবাইয়াৎ আহমেদ*



হে চির তরুণ! প্রাতঃস্মরণীয়, তোমাকে স্মরি